ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৭৩৩

সোনামুড়া, ৪ সেপ্টেম্বর, ২০২৫

**কাঁঠালিয়া ব্লকে বিশেষ স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত**

সম্প্রতি কাঁঠালিয়া ব্লকের মনাইপাথর এডিসি ভিলেজস্থিত টিলাবাড়ি এস.বি. স্কুলে এক বিশেষ স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে কাঁঠালিয়া সামাজিক স্বাস্থ্যকেন্দ্রের চিকিৎসক ডা. অভিজিৎ দে এবং অন্যান্য স্বাস্থ্যকর্মীরা উপস্থিত ছিলেন। এদিন শিবিরে এলাকার ১২৫ জন রোগীকে বিনামূল্যে চিকিৎসা করে প্রয়োজনীয় ওষুধপত্র প্রদান সহ রোগীদের রক্ত পরীক্ষা করানো হয়। শিবিরকে ঘিরে এদিন স্থানীয় জনগণের মধ্যে ব্যাপক সাড়া পরিলক্ষিত হয়।

*****